সভা নং-৩৪৮

**বটিয়াঘাটা উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : হোসনে আরা তান্নি
**প্রশাসক, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।**

সভার তারিখ : ১৪/১০/২০২৪ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভাপতি ও উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় জনাব হোসনে আরা তান্নি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান, তিনি ২৪/০৯/২০২৪ খ্রি. তারিখ বটিয়াঘাটা উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি দাপ্তরিক কাজে সকলের সহযোগীতা কামনা করে উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ মাসের সভার কার্যক্রম শুরু করেন।<br>অতঃপর সেপ্টেম্বর ২০২৪ মাসের সভার কার্যবিবরনী পাঠ করা হয়। | সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে উপস্থিত সকলের পক্ষ থেকে স্বাগত জানানো হয়।<br>সেপ্টেম্বর ,২০২৪ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়ীকরন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতঃপর তিনি দপ্তর ভিত্তিক আলোচনা করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানগণ তাদের দাপ্তরিক আলোচনা শুরু করেন। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জনাব ডাঃ মোঃ ওয়াহিদুজ্জামান সভায় জানান, তিনি ০১/১০/২০২৪ খ্রি. তারিখ বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ্য কম্প্লেক্সে যোগদান করেছেন। তিনি সকলের সাথে মিলে মিশে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, ১০-১৪ বছর বয়সী মেয়েদের জরায়ুমুখি ক্যান্সার প্রতিরোধে বিনামূল্যে এক ডোজের টিকা দেওয়া হবে। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। বর্তমানে হাসপাতালে ০৬জন ডেঙ্গু রুগী ভর্তি আছে। তাদের চিকিৎসা চলছে। তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। | সদ্য যোগদানকৃত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে উপস্থিত সকলের পক্ষ থেকে স্বাগত জানানো হয়।<br>১০-১৪ বছর বয়সী মেয়েদের জরায়ুমুখি ক্যান্সার প্রতিরোধে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের এবং মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, আমন ধান রোপনের মৌসুম চলছে। চলতি বছরে ১৭৫২০ হেক্টর জমিতে আমন রোপনের লক্ষমাত্রা অর্জন হয়েছে। রোগ-বালাই এবং পোকা মাকড় প্রতিরোধে কৃষকদের সচেতন করা হচ্ছে। বর্তমানে সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা সহঃ পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানানো হয় যে, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, আগামী ১৯-২৩ অক্টোবর পর্যন্ত সপ্তাহব্যাপি সেবা সপ্তাহ পালিত হবে। উপজেলা সদরে বিনামূল্যে সেবা দেওয়া হবে এবং ২৩ অক্টোবর তারিখে ৬নং বালিয়াডাঙ্গা ইউনিয়নে বিনামূল্যে সেবা দেওয়া হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব সেলিম সুলতান সভায় জানান যে, তিনি ০১/১০/২০২৪ খ্রি. তারিখ বটিয়াঘাটা উপজেলায় যোগদান করেছেন। তিনি সকলের সাথে মিলে মিসে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি জানান, ১২/১০/২০২৪ হতে ০৩/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ইলিশ সংরক্ষনের জন্য আহরন, পরিবহন, বিক্রয়সহ সকল কার্যক্রম বন্ধ থাকবে। নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনা করা হচ্ছে। এ সময়ে ইলিশ জেলেদের খাদ্য সহায়তা বাবদ চাল প্রদান করা হবে। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | সদ্য যোগদানকৃত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে উপস্থিত সকলের পক্ষ থেকে স্বাগত জানানো হয়।<br>১২/১০/২০২৪ হতে ০৩/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ইলিশ সংরক্ষনের জন্য মাছ ধরা বন্ধ রাখতে সকলকে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, ছাগলের পিপিআর ভ্যাকসিন কার্যক্রম চলছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে মাইকিং করে জানানো হয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>টিকাদান কার্যক্রম বা অন্য কোনো বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সহযোগীতার প্রয়োজন হলে তাদেরকে দাপ্তরিক চিঠি দিয়ে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | সহকারি উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে । স্কুল পূঁজার ছুটি চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মাঃ শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। স্কুল পূঁজার ছুটি চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, আগামী ১লা নভেম্বর জাতীয় যুব দিবস। দিবসটি যথাযথ ভাবে পালনে সকলের সহযোগীতা কামনা করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম **স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ৯১হাজার ভাতা** ভোগীদের লাইভ ভেরিফিকেশন চলছে। ৬টি ইউনিয়নে ইতোমধ্যে শেষ হয়েছে। তিনি বলেন, মুক্তিযোদ্ধা কম্পেক্স ভবনে সোনালী ব্যাংক ভাড়া নিতে ইচ্ছুক। ভবনে ব্যাংক পরিচালনার জন্য কিছু | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়<br>মুক্তিযোদ্ধা কম্পেক্স ভবনে সোনালী ব্যাংক ভাড়া | ক। সমাজসেবা কর্মকর্তা<br>খ। উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাজ করানো প্রয়োজন।<br>তিনি আরো বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে ৬টি ক্যাটাগরীর রোগের জন্য রুগীদের অনলাইনে আবেদন করতে হবে। | প্রদানের বিষয়ে কোনো কাজ করানো প্রয়োজন হলে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।<br>রুগীদের অন-লাইনে আবেদনের বিষয়ে উপজেলা সমাজসেবা দপ্তর সহযোগীতা করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি ছুটির দিনে ভিজিডি-এর চাল খাদ্য গুদাম থেকে উত্তোলন এবং ইউনিয়ন পরিষদে বিতরণ না করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, ভিজিডি-এর সাথে উপকার ভোগীরা ২২০ টাকা করে সঞ্চয় ব্যাংকে জমা রাখেন। ছুটির দিনে চাল বিতরণ করলে ব্যাংক কর্মীরা এবং ট্যাগ অফিসার উপস্থিত হতে পারেন না। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>সভায় আলোচনাঅন্তে ছুটির দিনে ভিজিডি-এর চাল উত্তোলন এবং বিতরণ না করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে।<br>তিনি বলেন, রাঁজবাধ-কৈয়াবাজার রাস্তার কাজের ম্যকাডাম করা খোয়া বা বালু কে বা কারা রাতের আধারে নিয়ে যাচ্ছে। এ বিষয়ে প্যানেল চেয়ারম্যান জলমা ইউনিয়ন বলেন, বিষয়টি নিয়ে স্থানীয় জনগণ আমাকে ফোনে জানালে আমি তাৎক্ষনিক ঘটনাস্থলে গিয়ে জানতে পারি স্থানীয় জনগন ট্রাক আটক করেছে এবং সেই ট্রাকগুলি যে ঠিকাদার উক্ত রাস্তার কাজ বাস্তবায়ন করছিলেন উনার লেবারে নিয়ে যাচ্ছিলো বলে যায়। বিষয়টি আমি উপজেলা প্রকৌশলীকে অবহিত করেছি।<br>তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>তিনি আরো বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত ৭নং আমিরপুর ইউনিয়নের আওতাধীন ২০৩ নং ক্রমিক প্রকল্পটি জনগুরুত্ব বিবেচনায় সংশোধন করে উক্ত রাস্তায় জিও ব্যাগ ও বল্লি দিয়ে প্যালাসাইডিং করা জরুরী। তিনি উক্ত প্রকল্পের বরাদ্দকৃত অর্থ একই রেখে প্রকল্পটি সংশোধন করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>তিনি আরো বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত ১নং জলমা ইউনিয়নের আওতাধীন ৫০ নং ক্রমিক প্রকল্পটি জনগুরুত্ব বিবেচনায় সংশোধন করে উক্ত রাস্তায় | রাঁজবাধ-কৈয়াবাজার রাস্তার কাজের ম্যকাডাম করা খোয়া বা বালুর নিয়ে যাওয়ার বিষয়ে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।<br>২০২৪-২৫ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে প্রাপ্ত কমিটিসমূহ আলোচনাঅন্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। কমিটি পরিশিষ্ট-খ মোতাবেক। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>সভায় আলেচনান্তে ৭নং আমিরপুর ইউনিয়নের আওতাধীন ২০৩ নং ক্রমিক প্রকল্পটি জনগুরুত্ব বিবেচনায় সংশোধন করে উক্ত রাস্তায় জিও ব্যাগ ও বল্লি দিয়ে প্যালাসাইডিং করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা জরুরী তাছাড়া প্রয়োজনের তুলনায় একলক্ষ টাকা কম প্রয়োজন হবে। তিনি উক্ত প্রকল্পের বরাদ্দকৃত অর্থ কমিয়ে-২লক্ষ টাকার মধ্যে রেখে প্রকল্পটি সংশোধন করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি)আওতায় ৬ষ্ঠ ধাপে ৩৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে ঠিকাদার প্রতিষ্ঠান তালুকদার প্লাষ্টিক লিঃ কর্তৃক ৩১৫ জোড়া (উচু-নীচু) বেঞ্চ সরবরাহ ও বিতরণ করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক বিল প্রাপ্তির আবেদন করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | , ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত ১নং জলমা ইউনিয়নের আওতাধীন ৫০ নং ক্রমিক প্রকল্পটি জনগুরুত্ব বিবেচনায় সংশোধন সংশোধন করা হলো।<br>বিস্তারিত আলোচনান্তে ভ্যাট ট্যাক্স সহ মোট বিল ১৯,০৫,৪৩৫.৬৩/- টাকা, ১৫% ভ্যাট ২,৮৫,৮১৫/- টাকা, ৭% আয়কর ১,৩৩,৩৮০/- টাকা এবং ভ্যাট ট্যাক্স ব্যতীত ঠিকাদারের নীট পাওনা ১৪,৮৬,২৪০/- টাকার বিল সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। স্বল্পতম সময়ের মধ্যে প্রয়োজনীয় সকল কাগজ-পত্রসহ বিলটি ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণের এবং অর্থ প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদারের পাওনা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. | উপঃ সহকারী পকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল | উপঃ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে সাব-মারসেবলসহ গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। এখনও টেন্ডার হয় নাই। টেন্ডার হলে আবেদন সরেজমিনে যাচাই বাছাই করে বরাদ্দ দেওয়া হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপঃ সহকারী পকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, আগামী ২নভেম্বর জাতীয় সমবায় দিবস তিনি দিবসটি উদযাপনে সকলের সহযোগীতা কামনা করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার দপ্তরের ৭০টি সার্টিফিকেট মামলা রয়েছে কোনো অগ্রগতি হচ্ছে না। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>সার্টিফিকেট মামলার নিস্পত্তির বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার উপজেলা নির্বাহী অফিসারের সাথে | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | যোগাযোগ করবেন। | |
| ১ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে।<br>তিনি বলেন, উপজেলা পরিষদ অডিটোরিয়াম বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানকে সভা, সেমিনার করার জন্য ভাড়া দেওয়া হতো। বর্তমানে অডিটোরিয়ামের অবস্থা খুবই নাজুক। দ্রুত মেরামত করা প্রয়োজন। মেরামতের জন্য ইতোমধ্যে অর্থ বরাদ্দ হয়েছে। তিনি উপজেলা পরিষদ অডিটোরিয়াম মেরামত কাজ শেষ না করে সভা, সেমিনার করার জন্য ভাড়া না দেওয়া জন্য সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>সভায় আলোচনাঅন্তে উপজেলা পরিষদ অডিটোরিয়াম মেরামত শেষ না করে সভা, সেমিনার করার জন্য ভাড়া না দেওয়া জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৮ | ফরেস্টার সামাজিক বনবিভাগ | ফরেস্টার সামাজিক বন বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন ভিজিডি-এর চাল পরিবহন বাবদ পরিবহন ব্যয়ের জন্য যে টাকা দেওয়া হয় তা খুবই সামান্য যা দিয়ে পরিবহন ভাড়া মিটানো সম্ভব হয় না। তিনি দূরত্বের ভিত্তিতে ভাড়ার টাকা দেওয়ার জন্য সভায় অনুরোধ করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>ভিজিডি-এর চালের পরিবহন ভাড়ার টাকা দূরত্বের ভিত্তিতে প্রদানের জন্য জেলা কমিটিতে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক। চেয়ারম্যান ১নং ইউপি।<br>খ। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা ইউপি সভায় তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি সভায় অনুপস্থিত। | আগামী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | প্যানেল চেয়ারম্যান,৫নং ভাণ্ডারকোট ইউপি সভায় জানান, তার ইউনিয়নের তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | প্যানেল চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার ইউনিয়নে জুন,২৪ মাসের ভিজিডি-এর চাল সাবেক চেয়ারম্যান বিতরন করেন নাই এবং এলজিএসপি-এর কাজের কোনো হিসাব সচিব প্রদান করছেন না। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>জুন,২৪ মাসের ভিজিডি-এর চাল বিতরন এবং এলজিএসপি-এর কাজের | চেয়ারম্যান ৬নং ইউপি। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের সাথে প্যানেল চেয়ারম্যানকে যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৫ | প্যানেল চেয়ারম্যান ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি প্যানেল চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | প্যানেল চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার গ্রাম আদালতকে শক্তিশালী করার জন্য ইউপি চেয়ারম্যানগণ আরো স্বচ্ছতার কাজ করার জন্য অনুরোধ করেন। তিনি সপ্তাহে নির্ধারিত ১দিন গ্রাম আদালত করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। উচ্চ আদালত হতে যে সকল অভিযোগের বিষয়ে নিষ্পত্তি বা তদন্তের জন্য প্রেরণ করা হয় সেগুলি গুরুত্বের সাথে বিবেচনার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>তিনি বলেন, জন্ম-মৃত্যু নিবন্ধন লক্ষমাত্রা অনুযায়ী কাজ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ সভা কক্ষের পশ্চিম দিকে প্রবেশের জন্য একটি দরজা স্থাপন করা জরুরী। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত হতে একটি দরজা স্থাপনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের নিরাপত্তা বিধানের জন্য সিসি ক্যামেরা স্থাপন করা আছে। কিন্তু ক্যামেরাগুলি অনেকদিন যাবৎ অকেজ হয়ে আছে। তিনি উপজেলা পরিষদ অভ্যন্তরে সিসি ক্যামেরা মেরামতসহ নতুন ক্যামেরা স্থাপন ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলোর সিসি ক্যামেরা স্থাপন করা খুবই জরুরী। এবাবদ দুই লক্ষ টাকার প্রাক্কলন করা হয়েছে। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সিসি ক্যামেরা স্থাপন/মেরামত খাত হতে মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের সভা কক্ষের সাউন্ড সিস্টেমের অবস্থা খুবই নাজুক। সাউন্ড সিস্টেমের সেটআপ সিস্টেমের অবস্থা খুবই নাজুক। সাউন্ড সিস্টেমের সেটআপ মেরামত না করে ব্যবহারের অনুপোযোগী হয়ে পড়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের রক্ষনাবেক্ষন ও মেরামত খাত হতে সাউন্ড সিস্টেম মেরামতের প্রস্তাব করেন। | ক। প্রতি সপ্তাহের বুধবার গ্রাম আদালত পরিচালনার জন্য সকল ইউপি চেয়ারম্যান একমত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উচ্চ আদালত হতে যে সকল অভিযোগের বিষয়ে নিষ্পত্তি বা তদন্তের জন্য প্রেরণ করা হয় সেগুলি গুরুত্বের সাথে বিবেচনার জন্য এবং জন্ম-মৃত্যু নিবন্ধন লক্ষমাত্রা অনুযায়ী কাজ করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।<br><br>খ। উপজেলা পরিষদ সভা কক্ষের পশ্চিম দিকে প্রবেশের জন্য একটি দরজা স্থাপনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত হতে ৮৫হাজার টাকা বরাদ্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা প্রকৌশলীর প্রাক্কলন মোতাবেক কাজ বাস্তবায়নের জন্য একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি নির্ধারণ করা হয়। কমিটি পরিশিষ্ট-খ মোতাবেক।<br><br>গ। উপজেলা পরিষদ অভ্যন্তরে সিসি ক্যামেরা মেরামতসহ নতুন ক্যামেরা স্থাপন ও উপজেলা নির্বাহী | উপজেলা নির্বাহী অফিসার। সদস্য। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | অফিসার মহোদয়ের বাংলোর সিসি ক্যামেরা স্থাপন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সিসি ক্যামেরা স্থাপন/মেরামত খাত হতে মেরামত খাত হতে ২লক্ষ টাকা বরাদ্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা প্রকৌশলীর প্রাক্কলন মোতাবেক কাজ বাস্তবায়নের জন্য একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি নির্ধারণ করা হয়। কমিটি পরিশিষ্ট-খ মোতাবেক।<br><br>ঘ। সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের রক্ষনাবেক্ষন ও মেরামত খাত হতে-১লক্ষ টাকা বরাদ্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা প্রকৌশলীর প্রাক্কলন মোতাবেক কাজ বাস্তবায়নের জন্য একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি নির্ধারণ করা হয়। কমিটি পরিশিষ্ট-খ মোতাবেক। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

(হোসনে আরা তান্নি)
প্রশাসক
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।



CamScanner

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২৪- ৮৫৬ তারিখ ঃ ১৪ /১০/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা প্রশাসক, খুলনা ।
৩। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপজেলা.......................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
৫। চেয়ারম্যান,................................ ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।

(হোসনে আরা তান্নি)
উপজেলা নির্বাহী অফিসার
বটিয়াঘাটা, খুলনা ।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক</u>

১. জনাব দেবব্রত মল্লিক, প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি।
২. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৩. জনাব আসলাম হাওলাদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৪. জনাব মো : কবির আকুঞ্জি,প্যানেল চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি।
৫. জনাব শেখ মো : সেলিম রেজা হাওলাদার, প্যানেল চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৬. জনাব কৌশিক পাল , প্যানেল চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি।
৭. জনাব ডা : মোঃ ওয়াহিদুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।
৮. জনাব বজলুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কার্মকর্তার প্রতিনিধি।
৯. জনাব সেলিম সুলতান, সিনিয়ার উপজেলা মৎস্য কর্মকর্তা
১০. জনাব মো : আবু বক্কর সিদ্দিক, উপজেলা কৃষি অফিস।
১১. জনাব সজল চক্রবর্তী , সহ : উপজেলা প:প: কর্মকর্তা।
১২. জনাব সুলতানা নাসরিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৩. জনাব নূর-এ-লায়লা,সহকারি উপজেলা শিক্ষা অফিসার।
১৪. জনাব ইমরান হোসেন,এসএই, উপজেলা প্রকৌশলীর দপ্তর।
১৫. জনাব শরীফ মো : রুবেল, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
১৬. জনাব নবনিতা দত্ত, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
১৭. জনাব শহিদুর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
১৮. জনাব সরদার আলী আহসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা।
১৯. জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা।
২০. জনাব রুনা আক্তার মুমি, উপ :সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২১. জনাব জাহিদুর রহমান , উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
২২. জনাব মো : আবুবক্কর মোল্যা, উ :যুব উন্নয়ন কর্মকর্তা।



CamScanner